# মুজিব শতবর্ষ : মুজিব শতপ্রশ্ন

১। বাংলাদেশের প্রথম রাষ্ট্রপ্রতির নাম কী?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
২। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে জন্মগ্রহণ করেন?
উত্তর : ১৯২০ সালে
৩। বঙ্গবন্ধু কোথায় জন্মগ্রহণ করেন?
উত্তর : ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার পাটগাতি ইউনিয়নের টুঙ্গিপাড়া গ্রামে।
৪। বঙ্গবন্ধুর জন্মদিনকে কী দিবস হিসেবে পালন করা হয়?
উত্তর : জাতীয় শিশু দিবস
৫। কে বঙ্গবন্ধুর জন্মদিনকে জাতীয় শিশু দিবস হিসেবে পালনের প্রস্তাব করেন?
উত্তর : ড. নীলিমা ইব্রাহিম
৬। শেখ মুজিবের বাবা ও মায়ের নাম কী?
উত্তর : শেখ লুৎফর রহমান ও সায়েরা খাতুন
৭। শেখ মুজিবের কতজন ভাই-বোন ছিল?
উত্তর : ছয় জন। চার বোন ও দুই ভাই।
৮। শেখ মুজিবের বোনদের নাম কী?
উত্তর : বড় বোন ফাতেমা, মেজ বোন আছিয়া, সেজ বোন হেলেন ও ছোট বোন লাইলী।
৯। শেখ মুজিবের ছোট ভাইয়ের নাম কী?
উত্তর : শেখ নাসের
১০। শেখ মুজিব ভাই-বোনদের মধ্যে কততম ছিলেন?
উত্তর : তৃতীয়
১১। শেখ মুজিবের ডাক নাম কী ছিল?
উত্তর : খোকা
১২। শেখ মুজিবকে এলাকার মানুষ কী নামে ডাকত?
উত্তর : মিয়া ভাই
১৩। শেখ মুজিবের স্ত্রীর নাম কী?
উত্তর : শেখ ফজিলাতুন্নেসা মুজিব
১৪। শেখ মুজিবের ছেলে-মেয়ে কত জন?
উত্তর : ৫ জন। তিন ছেলে ও দুই মেয়ে।
১৫। শেখ মুজিবের ছেলেদের নাম কী?
উত্তর : বড় ছেলে শেখ কামাল, মেজ ছেলে শেখ জামাল ও ছোট ছেলে শেখ রাসেল।
১৬। শেখ মুজিবের মেয়েদের নাম কী?
উত্তর : বড় মেয়ে শেখ হাসিনা ও ছোট মেয়ে শেখ রেহেনা।
১৭। শেখ হাসিনা ভাই-বোনদের মধ্যে কততম?
উত্তর : প্রথম
১৮। শেখ মুজিবের উচ্চতা কত ছিল?
উত্তর : ৫ ফুট ১১ ইঞ্চি
১৯। টুঙ্গিপাড়া কোন নদীর তীরে অবস্থিত?
উত্তর : বাইগার
২০। গোপালগঞ্জ কোন নদীর তীরে অবস্থিত?
উত্তর : মধুমতী
২১। বঙ্গবন্ধুর শিক্ষাজীবন শুরু হয় কোন স্কুলে?
উত্তর : গিমাডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে
২২। বঙ্গবন্ধু মেট্রিক পাশ করেন কোন স্কুল থেকে?
উত্তর : গোপালগঞ্জ মিশনারি স্কুল।
২৩। বঙ্গবন্ধু কত সালে মেট্রিক পাশ করেন?
উত্তর : ১৯৪২ সালে
২৪। বঙ্গবন্ধু বিএ পাশ করেন কোন কলেজ থেকে?
উত্তর : কলকাতা ইসলামিয়া কলেজ
২৫। বঙ্গবন্ধু কত সালে বিএ পাশ করেন?
উত্তর : ১৯৪৭ সালে
২৬। বঙ্গবন্ধু কলকাতা ইসলামিয়া কলেজের কত নম্বর কক্ষে থাকতেন?
উত্তর : ২৩ ও ২৪ নম্বর
২৭। ২৩ নম্বর কক্ষটি বর্তমানে কীসে রূপান্তর করা হয়েছে?
উত্তর : গ্রন্থাগার
২৮। ২৪ নম্বর কক্ষটি বর্তমানে কীসে রূপান্তর করা হয়েছে?
উত্তর : মিউজিয়াম
২৯। বঙ্গবন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের ছাত্র ছিলেন?
উত্তর : আইন বিভাগ
৩০। বঙ্গবন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কত সালে বহিষ্কৃত হন?
উত্তর : ১৯৪৯ সালে
৩১। বঙ্গবন্ধুকে কেন ঢাকা বিশ্ববিদ্যালয় বহিষ্কৃত করে?
উত্তর : চতুর্থ শ্রেণির কর্মচারীদের আন্দোলনে সংহতি প্রকাশ করায়
৩২। বঙ্গবন্ধু কত সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রত্ব ফিরে পান?
উত্তর : ২০১০ সালে
৩৩। বঙ্গবন্ধু জীবনে প্রথম কারাভোগ করেন কত সালে?
উত্তর : ১৯৩৯ সালে

৩৪। আওয়ামী লীগ প্রতিষ্ঠাকালীন সময়ে বঙ্গবন্ধু কোন পদ পান?
উত্তর : যুগ্ম সাধারণ সম্পাদক
৩৫। বঙ্গবন্ধু আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হন কবে?
উত্তর : ১৯৫৩ সালে
৩৬। বঙ্গবন্ধু আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হন কবে?
উত্তর : ১৯৬৬ সালে
৩৭। বঙ্গবন্ধু কোন মন্ত্রীসভায় সর্বকনিষ্ঠ মন্ত্রী ছিলেন?
উত্তর : ১৯৫৪ সালে যুক্তফ্রন্ট মন্ত্রীসভায়
৩৮। যুক্তফ্রন্ট নির্বাচনে বঙ্গবন্ধু কোন আসনে জয়ী হন?
উত্তর : গোপালগঞ্জ
৩৯। যুক্তফ্রন্ট মন্ত্রীসভায় বঙ্গবন্ধু কোন মন্ত্রী ছিলেন?
উত্তর : কৃষি, বন ও সমবায় মন্ত্রী
৪০। বঙ্গবন্ধু প্রথম কবে ছয় দফা দাবি ঘোষণা করেন?
উত্তর : ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি
৪১। বঙ্গবন্ধু কোথায় ছয় দফা দাবি উত্থাপন করেন?
উত্তর : পাকিস্তানের লাহোরে
৪২। বাঙালি জাতির মুক্তির সনদ বলা হয় কাকে?
উত্তর : ছয় দফাকে
৪৩। আগরতলা ষড়যন্ত্র মামলা কবে দায়ের করা হয়?
উত্তর : ১৯৬৮ সালের ৩ জানুয়ারি
৪৪। আগরতলা ষড়যন্ত্র মামলা কবে প্রত্যাহার করা হয়?
উত্তর : ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি
৪৫। আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি কতজন ছিল?
উত্তর : ৩৫ জন
৪৬। আগরতলা ষড়যন্ত্র মামলার প্রধান আসামি কে ছিল?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
৪৭। আগরতলা ষড়যন্ত্র মামলা কী নামে দায়ের করা হয়?
উত্তর : রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য
৪৮। শেখ মুজিবুর রহমানকে কত তারিখে বঙ্গবন্ধু উপাধি দেওয়া হয়?
উত্তর : ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি।
৪৯। শেখ মুজিবুর রহমানকে কে বঙ্গবন্ধু উপাধি দেন?
উত্তর : তৎকালীন ডাকসুর বিপি তোফায়েল আহমেদ
৫০। শেখ মুজিবুর রহমানকে কোথায় বঙ্গবন্ধু উপাধি দেওয়া হয়?
উত্তর : রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান)
৫১। শেখ মুজিবুর রহমানকে কত তারিখে জাতির জনক ঘোষণা করা হয়?
উত্তর : ১৯৭১ সালের ৩ মার্চ।
৫২। শেখ মুজিবুর রহমানকে কে জাতির জনক ঘোষণা করেন?
উত্তর : আ. স. ম. আব্দুর রব
৫৩। শেখ মুজিবুর রহমানকে কোথায় জাতির জনক ঘোষণা করা হয়?
উত্তর : পল্টন ময়দানে
৫৪। সংবিধানের কততম সংশোধনীতে শেখ মুজিবকে জাতির পিতা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়?
উত্তর : পঞ্চদশ সংশোধনী
৫৫। শেখ মুজিবকে ‘রাজনীতির কবি’ বা ‘Poet of Politics’ উপাধীতে ভূষিত করে কে?
উত্তর : যুক্তরাষ্ট্রের বিখ্যাত ম্যাগাজিন ‘নিউজউইক’ (Newsweek)।
৫৬। বঙ্গবন্ধু কবে ৭-ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রদান করেন?
উত্তর : ১৯৭১ সালের ৭ মার্চ।
৫৭। বঙ্গবন্ধুর ৭-ই মার্চের ভাষণকে কোন বিখ্যাত ভাষণের সাথে তুলনা করা হয়?
উত্তর : অব্রাহাম লিংকনের গেটিসবার্গ ভাষণের সাথে
৫৮। বঙ্গবন্ধু কোথায় ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণ প্রদান করেন?
উত্তর : রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান)
৫৯। ৭-ই মার্চের ভাষণে কত লক্ষ লোক উপস্থিত ছিল?
উত্তর : ১০ লক্ষ
৬০। ৭-ই মার্চের ভাষণটি কত মিনিটের ছিল?
উত্তর : ১৮ মিনিট
৬১। ৭-ই মার্চের ভাষণে কয়টি দাবি ছিল?
উত্তর : ৪টি
৬২। ইউনেস্কো কবে ৭-ই মার্চের ভাষণকে ‘মেমরি অব দ্য ওয়ার্ল্ড’ হিসেবে স্বীকৃতি দেয়?
উত্তর : ৩০ অক্টোবর, ২০১৭।
৬৩। শেখ মুজিবুর রহমানকে জুলিও কুরি শান্তি পুরস্কার প্রদান করে কে?
উত্তর : বিশ্ব শান্তি পরিষদ
৬৪। বিশ্ব শান্তি পরিষদ কবে শেখ মুজিবকে জুলিও কুরি পুরস্কার প্রদানের ঘোষণা করে?
উত্তর : ১০ অক্টোবর, ১৯৭২।
৬৫। কে পূর্ব পাকিস্তানের নাম বাংলাদেশ নামকরণ করেন?
উত্তর : শেখ মুজিবুর রহমান
৬৬। শেখ মুজিব কবে পূর্ব পাকিস্তানের নাম বাংলাদেশ নামকরণ করেন?
উত্তর : ৫ ডিসেম্বর, ১৯৬৯।
৬৭। শেখ মুজিবুর রহমান কবে স্বাধীনতার ঘোষণা দেন?
উত্তর : ১৯৭১ সালের ২৬ শে মার্চের প্রথম প্রহরে

৬৮। ২৫ শে মার্চ রাতে বঙ্গবন্ধুকে গ্রেফতার করে পাকিস্তানের কোন কারগারে আটক রাখা হয়?

উত্তর : মিয়ানওয়ালী কারাগার

৬৯। ২৫ শে মার্চ রাতে বঙ্গবন্ধুকে গ্রেফতার করার জন্য পরিচালিত অপারেশনের নাম কী ছিল?

উত্তর : অপারেশন বিগ বার্ড

৭০। বঙ্গবন্ধু কবে পাকিস্তানের কারগার থেকে মুক্তি পান?

উত্তর : ১৯৭২ সালের ৮ জানুয়ারি

৭১। বঙ্গবন্ধু কখন স্বাধীন বাংলাদেশে ফিরে আসেন?

উত্তর : ১৯৭২ সালের ১০ জানুয়ারি

৭২। স্বদেশ প্রত্যাবর্তন দিবস কত তারিখে পালিত হয়?

উত্তর : ১০ জানুয়ারি

৭৩। মুজিবনগর সরকারে বঙ্গবন্ধুকে কোন পদে রাখা হয়?

উত্তর : রাষ্ট্রপতি

৭৪। বঙ্গবন্ধুর অবর্তমানে মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব কে পালন করেন?

উত্তর : সৈয়দ নজরুল ইসলাম

৭৫। বঙ্গবন্ধু কত দিন কারাবাস ছিলেন?

উত্তর : ৪৬৮২ দিন

৭৬। জাতিসংঘের সাধারণ পরিষদে প্রথম বাংলা ভাষায় ভাষণ দেন কে?

উত্তর : শেখ মুজিবুর রহমান

৭৭। শেখ মুজিবুর রহমান জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলা ভাষায় কবে ভাষণ দেন?

উত্তর : ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর

৭৮। শেখ মুজিবুর রহমান জাতিসংঘের সাধারণ পরিষদের কততম অধিবেশনে বাংলায় ভাষণ দেন?

উত্তর : ২৯ তম অধিবেশন

৭৯। 'আমি হিমালয় দেখিনি, কিন্তু শেখ মুজিবকে দেখেছি।'- উক্তিটি কে করেছিলেন?

উত্তর : কিউবার সাবেক প্রেসিডেন্ট ফিদেল ক্যাস্ট্রো

৮০। বঙ্গবন্ধু কত তারিখে নিহত হন?

উত্তর : ১৯৭৫ সালের ১৫ আগস্ট

৮১। ১৫ আগস্টকে কী দিবস হিসেবে পালন করা হয়?

উত্তর : জাতীয় শোক দিবস

৮২। বঙ্গবন্ধু ধানমন্ডির কত নম্বর বাড়িতে থাকতেন?

উত্তর : ৩২ নম্বর

৮৩। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাদুঘর কোথায় অবস্থিত?

উত্তর : ঢাকার ধানমন্ডির ৩২ নম্বরে।

৮৪। বঙ্গবন্ধুর জীবনী নিয়ে লেখা 'পলাশী থেকে ধানমন্ডী' উপন্যাসটির রচয়িতা কে?

উত্তর : আবদুল গাফফার চৌধুরী

৮৫। 'মুজিব ভাই' বইটির লেখক কে?

উত্তর : এবিএম মূসা

৮৬। 'বাংলাদেশ ও বঙ্গবন্ধু' বইটির লেখক কে?

উত্তর : মোনায়েম সরকার

৮৭। বঙ্গবন্ধুর লেখা আত্মজীবনীর নাম কী?

উত্তর : অসমাপ্ত আত্মজীবনী

৮৮। 'অসমাপ্ত আত্মজীবনী' কত সালে প্রকাশিত হয়?

উত্তর : জুন, ২০১২ সাল

৮৯। 'অসমাপ্ত আত্মজীবনী' এ পর্যন্ত কতটি ভাষায় অনূদিত হয়েছে?

উত্তর : ১৪ টি (সর্বশেষ মালয় ভাষা)

৯০। 'অসমাপ্ত আত্মজীবনী'র ভূমিকা লেখেন কে?

উত্তর : শেখ হাসিনা

৯১। 'কারাগারের রোজনামচা' কার লেখা?

উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

৯২। 'নয়া চীন ভ্রমণ' বইটির লেখক কে?

উত্তর : শেখ মুজিবুর রহমান

৯৩। বাংলাদেশ সরকার কত সালকে মুজিববর্ষ ঘোষণা করেছে?

উত্তর : ২০২০-২১ সাল

৯৪। কত সালে মুজিবের জন্মশতবর্ষ পূর্তি হয়?

উত্তর : ২০২০ সালে

৯৫। মুজিব শতবর্ষ লগোর ডিজাইনার কে?

উত্তর : সব্যসাচী হাজরা

৯৬। বঙ্গবন্ধু স্যাটেলাইট কত তারিখে উৎক্ষেপণ করা হয়?

উত্তর : ১১ মে ২০১৮ (বাংলাদেশ সময় ১২ মে ২০১৮)

৯৭। বঙ্গবন্ধু স্যাটেলাইট কোথা থেকে উৎক্ষেপণ করা হয়?

উত্তর : যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার

৯৮। 'যদি রাত পোহালে শোনা যেত বঙ্গবন্ধু মরে নাই' গানটির গীতিকার কে?

উত্তর : হাসান মতিউর রহমান

৯৯। 'শোন একটি মুজিবরের থেকে' গানটির গীতিকার কে?

উত্তর : গৌরী প্রসন্ন মজুমদার

১০০। 'যতদিন রবে পদ্মা মেঘনা গৌরী যমুনা বহমান, ততদিন রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান'- এই চরণটির রচয়িতা কে?

উত্তর : অন্নদাশঙ্কর রায়